

Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and Vice President of the USA, Her Excellency Kamala Harris

June 03, 2021

প্রধানমন্ত্রী মার্কিন যুক্তরাষ্ট্রের উপরাষ্ট্রপতি কমলা হ্যারিসের সঙ্গে কথা বলেছেন

জুন 03, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মার্কিন যুক্তরাষ্ট্রের উপরাষ্ট্রপতি কমলা হ্যারিসের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

উপরাষ্ট্রপতি হ্যারিস প্রধানমন্ত্রীকে মার্কিন যুক্তরাষ্ট্রের ভারত সহ অন্যান্য দেশের কোভিড-১৯ টিকা বন্টনের বিষয় নিয়ে পরিকল্পনার কথা জানিয়েছেন, যা মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক টিকা বন্টন কৌশলের অঙ্গ।

মার্কিন যুক্তরাষ্ট্রের এই সিদ্ধান্ত এবং সম্প্রতি মার্কিন সরকার, ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং সেদেশে বসবাসরত ভারতীয় বিশেষজ্ঞদের যে সহায়তা ও সহমর্মিতা ভারত পেয়েছে তার জন্য শ্রী মোদী মার্কিন উপরাষ্ট্রপতিকে ধন্যবাদ জানিয়েছেন।

টিকা প্রস্তুত সহ ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাস্থ্য সংক্রান্ত সরঞ্জামের সরবরাহ শৃঙ্খলকে দৃঢ় করার উদ্যোগ নিয়ে উভয় নেতা আলোচনা করেছেন। তাঁরা ভারত-মার্কিন অংশীদারিত্ব এবং করোনার বিরুদ্ধে দীর্ঘমেয়াদী স্বাস্থ্য ব্যবস্থার জন্য কোয়াড টিকা উদ্যোগের সম্ভাবনা নিয়ে আলাপ-আলোচনা করেছেন।

বিশ্বজুড়ে স্বাস্থ্য পরিস্থিতি স্বাভাবিক হলে যত শীঘ্র সম্ভব উপরাষ্ট্রপতি হ্যারিসকে ভারতে আমন্ত্রণের সুযোগ তিনি পাবেন বলে প্রধানমন্ত্রী আশাপ্রকাশ করেছেন।

নিউ দিল্লি

জুন 03, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.